দৈনিক বাংলা

তারিখ 17 SEP 1990
পৃষ্ঠা ২ কলাম ৪

136

# আজ মহান শিক্ষা দিবস

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

আজ মহান শিক্ষা দিবস। ১৯৬২ সালের এই দিনে তৎকালীন সরকারের চাপিয়ে দেয়া শিক্ষানীতির বিরুদ্ধে আন্দোলনে রাজপথে প্রাণ দিয়েছিলেন মোস্তফা, বাবুল, ওয়াজিউল্লাহসহ অনেকে।

শিক্ষা দিবস উপলক্ষে বিভিন্ন ছাত্র সংগঠন আজ বিক্ষোভ মিছিল, সমা-

(৫-এর পৃঃ দ্রঃ)

## আজ মহান শিক্ষা দিবস

(প্রথম পৃঃ পর)

বেশ ও আলোচনা সভার কর্মসূচী গ্রহণ করেছে।

ডাকসুর ভিপি আমানউল্লাহ আমান ও জিএস খায়রুল কবীর খোকন এক যুক্ত বিবৃতিতে শিক্ষা দিবসের প্রাক্কালে স্বৈরাচার বিরোধী সংগ্রামকে আরও জোরদার করার জন্য ছাত্রসমাজের প্রতি আহবান জানিয়েছেন।

শিক্ষা দিবস উপলক্ষে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট গতকাল বিকালে টিএসসি'র সড়ক দ্বীপে এক আলোচনা সভার আয়োজন করে। ছাত্রনেতা বেলাল চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই আলোচনা সভায় বক্তৃতা করেন বাসদ নেতা শুভ্রাংশু চক্রবর্তী, ছাত্র ফ্রন্টের সাধারণ সম্পাদক বজলুর রশীদ ফিরোজ, নাঈমউদ্দীন, চাকসুর জিএস আজিমউদ্দীন প্রমুখ।

বক্তারা শিক্ষা দিবসের চেতনায় শিক্ষা বিরোধী সকল চক্রান্তের বিরুদ্ধে ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলার আহবানজানান।

জাতীয় ছাত্রলীগ শিক্ষা দিবস উপলক্ষে গতকাল বিকালে জাতীয় প্রেসক্লাবের সামনে এক সমাবেশ করে। মজিবুর রহমান স্বপনের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে বক্তৃতা করেন বাকশাল নেতা রিয়াজউদ্দীন আহমেদ, নুরুল ফজল বুলবুল, ছাত্রনেতা কামাল হোসেন, মোক্তার হোসেন প্রমুখ।

গণতান্ত্রিক ছাত্রলীগ নারায়ণগঞ্জ জেলা শাখা শিক্ষা দিবস উপলক্ষে গতকাল এক আলোচনা সভার আয়োজন করে। সভায় বক্তৃতা করেন আবদুস সাত্তার পাঠান, মোক্তার হোসেন, জহিরুল হক প্রমুখ।

শিক্ষা দিবস উপলক্ষে আজ ডাকসুর কর্মসূচীর মধ্যে রয়েছে সকাল দশটায় ডাকসু ভবনের সামনে জমায়েত ও পরে শিক্ষা মন্ত্রণালয়ের সামনে বিক্ষোভ।

৯টি ছাত্র সংগঠন ঃ সকাল ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে জমায়েত এবং পরে মিছিল সহকারে জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশ।

বাংলাদেশ ছাত্র ফেডারেশন ঃ সকাল ১১টায় জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশ।

বিপ্লবী ছাত্র ধারা ঃ বিকাল ৫টায় সংগঠন কার্যালয়ে আলোচনা সভা।